উদাসিনী সে বিদেশিনী কে নাই বা তারে জানি
মনে জাগে নব নব রাগে তারি মরীচিকা-ছবিখানি ॥
পুবের হাওয়ায় তরীখানি তার
ভাঙা এ ঘাট কবে হল পার,
রঙিন মেঘে আর রঙিন পালে তার করে গেল কানাকানি ॥
একা আলসে গণি বসে পলাতকা যত ঢেউ ।
যায় তারা যায়, ফেরে না, চায় না পিছু-পানে আর কেউ ।
জানি তার নাগাল পাব না, আমার ভাবনা
শূন্যে শূন্যে কুড়ায়ে বেড়ায় বাদলের বাণী ॥

---

Parjaay: Prem O Prokriti
Visit www.geetabitan.com for notation and other detail